কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে আগুন

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে মঙ্গলবার রাতে হঠাৎ করে আগুন লাগার ঘটনা ঘটে। এ সময় ভীত সন্তস্ত্র হয়ে ছোটাছুটি করতে থাকেন রোগীর অভিভাবকরা। এতে ক্ষয়ক্ষতি না হলেও আতংক কাটেনি তাদের মধ্যে। বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সুত্রপাত জানিয়েছেন ফায়ার সার্ভিসের কর্মকর্তা আক্কাস আলী।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার চিকিৎসক রমিজ উদ্দিন (তপু) বলেন, রাত তখন ১০ টা বাজে। হঠাৎ চিৎকার শুনতে পেলাম আগুন লাগার। ঘটনাস্থলে এসে দেখতে পেলাম স্বাস্থ্য কমপ্লেক্সের তৃতীয় তলার ডায়রিয়া শিশু ওয়ার্ড এটি। ওই ওয়ার্ডে বৈদ্যুতিক সুইসে থেকে আগুনের সুত্র হয়েছিল বলে জানতে পেলাম। এ সময় আগুনের ভয়ে ভীত সন্তস্ত্র হয়ে ছোটাছুটি করতে থাকেন রোগীর অভিভাবকরা। তবে ওই ঘটনায় কারো কোন ক্ষতি হয়নি।

শিশু ওয়ার্ডের সার্থকের পিতা সজিব দাস বলেন, আগুন লাগার পর খুবই ভয় পেয়ে ছিলাম। এ সময় ওই ওয়ার্ডে আমার বাচ্চা সহ অনেক বাচ্চা ছিল। সবাই নিজ নিজ বাচ্চা নিয়ে নিচে নামার চেস্টা করেন। খোজেন নিরাপদ আশ্রয়।

তিনি বলেন, পরে আগুন নিয়ন্ত্রনে আসলে কিছু রোগী ওয়ার্ডে ফিরে আসে। আর কিছু রোগী রাতেই বাড়িতে ফিরে যান। তবে রোগীরা ওয়ার্ডে ফিরলেও আতংক ছিল সবার চোখে মুখে।

একই কথা বলেন, কামরুন নাহারের অভিভাবকসহ ওই ওয়ার্ডের অনেকে। তারা বলেন, আমরা ছিলাম পাশের সাধারণ ওয়ার্ডে। আগুন লাগার পর ওয়ার্ডের সবাই সব কিছু ফেলে রেখে বাচ্চাগুলো নিয়ে নিচে নেমে যায়। পরে ওয়ার্ডে ফিরে এলেও আতংক ছিল সবার ভিতর।

ওই ওয়ার্ডের দায়িত্বে থাকা সিনিয়র স্ট্যাফ নার্স শাহানাজ পারভিন বলেন,রাত সে সময় ১০ টা বাজে।হঠাৎ করে আগুন লাগার চিৎকার শুনতে পারি। এ ছুটে বৈদ্যুতিক সার্ভিস বন্ধ করে দেয়ার পর আগুন নিভে যায়। তবে ধোয়া উঠতে থাকে।

তিনি বলেন, ঘটনার সময় ডায়রিয়া আর সাধারণ ওয়ার্ডে ৪০ টি বাচ্চা

ভর্তি ছিল। আগুন নিয়ন্ত্রণে আসার পর ভয়ে কিছু রোগী বাড়ি চলে যান ওই সময়।তবে বেশির ভাগ রোগীই ভর্তি ছিল।

এ ব্যাপারে কোটচাঁদপুর ফায়ার স্টেশনের কর্মকর্তা আক্কাস আলী বলেন,রাত ১০ দিকে আগুন লাগার খবর পেয়ে ছিলাম। ১০.১০ মিনিটের সময় ঘটনাস্থলে পৌঁছে আগুন দেখতে পায়নি। তবে গন্ধ আর ধোয়া ছিল সে সময় ও।

তিনি বলেন, প্রাথমিক ভাবে দেখে মনে হচ্ছে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে এ আগুনের সুত্রপাত হয়েছিল।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন,বৈদ্যুতিক বোডের মধ্যে টিকটিকি ছিল। এ কারনে শর্টসার্কিটের ঘটনা ঘটে। এ সময় আমাদের নার্স শাহানাজ পারভিন রোগীদের মাধ্যমে জানতে পেরে দ্রুত মেইন সার্ভিসের সুইস বন্ধ করে দেন। এছাড়া অন্যরা ফায়ার সার্ভিসে খবর দেন। এতে করে তেমন কোন দূর্ঘটনা ঘটেনি। তবে সাময়িক ভাবে বন্ধ হয়ে যায় স্বাস্থ্য কমপ্লেক্সে বৈদ্যুতিক ব্যবস্থা। এতে সাময়িক অসুবিধা হয় রোগী ও অভিভাবকদের। এ কারনে তিনি দুঃখ প্রকাশ করেন। এ ছাড়া ঘটনার সময় যারা দূর্ঘটনা মোকাবিলায় সহায়তা করেছেন প্রত্যেকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত

“বঙ্গবন্ধুর সোনার দেশ, স্মার্ট পাট শিল্পের বাংলাদেশ” এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের আয়োজনে আজ বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা পরিষদের নির্বাহী

কর্মকর্তা সেলিম রেজা, জেলা পাট কর্মকর্তা এম আব্দুল বাকী, জেলা চালকল মালিক সমিতির সভাপতি মোয়াজ্জেম হোসেন, কালীগঞ্জের এমাস ফুটওয়্যারের ব্যবস্থাপনা পরিচালক ওবায়দুল হক রাসেলসহ অন্যান্যরা। বক্তারা, পাটের বহুমুখী ব্যবহার বৃদ্ধিতে কৃষকসহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

পরে শ্রেষ্ঠ পাটবীজ উৎপাদন, পাটের বস্তা ব্যবহারসহ ৫ টি ক্যাটাগরিতে ৫ জনকে পুরস্কৃত করা হয়।

ঝিনাইদহের শৈলকুপায় শিশু ধর্ষণ মামলায় একজনের যাবজ্জীবন

ঝিনাইদহের শৈলকুপায় ৫ বছরের এক কণ্যা শিশুকে ধর্ষণ মামলায় তরিকুল জোয়ার্দ্দার ওরফে এমপি নামের একজনের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত।

আজ বুধবার (৬মার্চ) সকালে জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মোঃ মিজানুর রহমান এ রায় প্রদাণ করেন। দন্ডিত তরিকুল ইসলাম উপজেলার ক্ষুদ্র রয়েড়া গ্রামের মৃত মেনদায় জোয়ার্দ্দারের ছেলে।

মামলার রাষ্ট্রপক্ষের আইনজীবী বজলুর রহমান জানান, ২০২১ সালের ৭ ফেব্রুয়ারি শৈলকুপা উপজেলার বাহির রয়েড়া গ্রামের ৫ বছরের এক কণ্যা শিশুকে ধর্ষণ করে পার্শবর্তী ক্ষুদ্র রয়েড়া গ্রামের তরিকুল জোয়ার্দ্দার ওরফে এমপি। নির্যাতিতা পরিবারকে জানালে পরদিন তার চাচা বাদী হয়ে তরিকুলকে আসামী করে শৈলকুপা থানায় একটি মামলা দায়ের করে। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে বুধবার ওই মামলার আসামী তরিকুলকে যাবজ্জীবন কারাদন্ড ও ১ লাখ টাকা জরিমানা করে। জরিমানা অনাদায়ের আরও ৪ মাসের সশ্রম কারাদন্ডের আদেশ দেয়।

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী
(২০) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে। আজ বুধবার (৬মার্চ) সকালে কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাহেদ উপজেলার ঈশ্বরবা গ্রামের রমজান আলীর ছেলে। এবছর এইচএসসি পাশ করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরিক্ষায় অংশ নিচ্ছে। ঘাতক ট্রাকটিকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, সকালে মোটরসাইকেল যোগে বাড়ি থেকে বেরিয়ে কালীগঞ্জ শহরে আসছিল সাহেদ আলী। পথিমধ্যে শহরের বিহারীমোড় নামক স্থানে পৌছালে সামনের দিক থেকে আসা রড বোঝাই একটি ট্রাকের সাথে মোটর সাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু আজিফ জানান, কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোন মামলা না করায় মৃতদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে।

কোটচাঁদপুরে পিতা-মাতা আর ছোট ভাইয়ের লাটির আঘাতে জীবন গেল যুবকের

স্ত্রীর উপর নির্যাতনের প্রতিবাদ করায় পিতা-মাতা আর ছোট ভাইয়ের লাটির আঘাতে জীবন গেল রেজাউল ইসলামের (২৪)। গতকাল সোমবার ঘটনাটি ঘটেছে চৌগাছা উপজেলার নারায়ণপুর ইউনিয়নের বড়খানপুর গ্রামে।

ওইদিন রাতে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে। ওই ঘটনায় মা সালেহাকে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

স্থানীয় ইউপি সদস্য সামসুল আলম ও প্রত্যক্ষদর্শীরা জানায়, চৌগাছার বড়খানপুর গ্রামের ঢাকা পাড়ার বাসিন্দা আয়তাল হোসেন (৬০)। পারিবারিক কলহের কারনে বড় দুই ছেলে বাবা- মা থেকে আলাদা সংসারে বসবাস করতেন রেজাউল ইসলাম।

রেজাউল ইসলাম বিয়ের পর থেকে মা সালেহা স্ত্রী সুমি আক্তারের উপরে নানাভাবে অত্যাচার নির্যাতন করতেন।গতকাল সোমবার সকালে মা সালেহা বেগমের অত্যাচার নির্যাতনের প্রতিবাদ করেন ছেলে রেজাউল।

এতে করে কলহে জড়িয়ে পড়েন তারা। এক পর্যায়ে পিতা আয়তাল হোসেন ও ছোট ছেলে মনির রেজাউলকে ধরে রাখেন। আর মা সালেহা বেগম রেজাউলের শরিরের বিভিন্ন স্থানে শক্তলাঠি দিয়ে মারপিট করে। ওই ঘটনায় গুরুতর আহত হন রেজাউল ইসলাম।

এ সময় স্ত্রী সুমি গ্রাম্য ডাক্তার ডেকে আনলে চিকিৎসায় বাধা দেন তারা। এরপর সময় যত যেতে থাকে অবস্থার অবনতি হয় রেজাউলের। পরে রাত ১০ টার দিকে অবস্থা খারাপ দেখে স্ত্রী সুমি আক্তার স্থানীয়দের সহযোগীতায় স্বামী রেজাউলকে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এরপর চিকিৎসাধীন অবস্থায় মারা যান সে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক রাজিয়া সুলতানা (ডানা) বলেন,রোগী ভর্তি করা হয়েছিল। কি কারনে ভর্তি করেছিলাম । আর রোগী কেমন ছিল সেটা খাতায় লেখা আছে দেখে নেন।

এ দিকে ওই ঘটনায় মা সালেহাকে আটক করেছেন বলে জানিয়েছেন কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন। তিনি বলেন, পারিবারিক কলহের কারনে এ হত্যা কান্ড ঘটেছে। মৃত দেহ উদ্ধার করে থানায় আনা হয়েছে। বিষয়টি চৌগাছা থানা পুলিশকে জানানো হয়েছে, ওনারা এসে মৃত দেহ ও আটককৃত সাহেলাকে নিয়ে যাবেন।

চৌগাছা থানার পুলিশ পরিদর্শক (ওসি) ইকবাল বাহার চৌধুরী বলেন, ওই ঘটনায় কোনো অভিযোগ পায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহের শৈলকুপায় হোঁচট খেয়ে পড়ে গিয়ে শি*শু*র মৃ*ত্যু

ঝিনাইদহের শৈলকুপায় হোঁচট খেয়ে পড়ে গিয়ে সিয়াম হোসেন (৮) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার (৫মার্চ) সকালে উপজেলার মির্জাপুর ইউনিয়নের যাদবপুর গ্রামে এই ঘটনা ঘটে। নিহত সিয়াম হোসেন ওই গ্রামের জামিরুল ইসলামের বড় ছেলে।

স্থানীয়রা জানান, সিয়াম আজ সকাল আনুমানিক ৯ টার সময় বাড়ির পাশে ইদ্রিসের বাড়িতে যায় পাওনা টাকা আনার জন্য। সেখান দ্রুত যাওয়ার সময় ইদ্রিস আলীর বাড়ির উঠানে হোঁচট খেয়ে পড়ে গিয়ে গুরুতর আহত হয়। এর পর স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সফিকুল ইসলাম চৌধুরী বলেন, সিয়াম হোসেন (৮) নামের এক শিশু অসাবধানতা বসত: হোঁচট খেয়ে পড়ে মৃত্যু বরণ করেছে।

ঝিনাইদহে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুর এলাকা থেকে ১২ কেজি গাঁজাসহ আল আমিন (৪৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

আজ মঙ্গলবার (৫ মার্চ) ভোররাতে তাকে আটক করা হয়। আটককৃত আল আমিন খাগড়াছড়ি সদর উপজেলার মুসলিমপাড়া গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, ভোরে হাটগোপালপুর

এলাকার ছয়াইল রোডে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা। সেসময় অন্যরা পালিয়ে গেলেও ঘটনাস্থল থেকে আটক করা হয় খাগড়াছড়ির মুসিলমপাড়া গ্রামের আল আমিনকে। পরে তার কাছ থেকে উদ্ধার করা হয় ১২ কেজি গাঁজা। এ ঘটনায় সদর থানায় একটি মামলা হয়েছে।

মহেশপুরে প্রতিবন্ধী নারীকে নির্যাতনের ঘটনায় ৫ জন আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় মানসিক প্রতিবন্ধী নারীকে অমানসিক নির্যাতন করার ঘটনায় ৫ জনকে আটক করেছে পুলিশ। সোমবার (০৪মার্চ) রাতে উপজেলার খোশালপুর গ্রাম থেকে নির্যাতনকারী ওই ৫ জনকে আটক করে পুলিশ।

আটককৃতরা হলো-খোশালপুর গ্রামের জলিল তরফদারের ছেলে মুহিত তরফদার, তার ছেলে রাব্বি তরফদার, নুরুল আমিনের ছেলে তারিখ মনোয়ার, সানোয়ার হোসেনের ছেলে উসমান আলী ও নেপা গ্রামের খায়রুল ইসলামের ছেলে নাজমুল হোসেন।

মহেশপুর থানার ওসি মাহাব্বুর রহমান জানান, সোমবার বিকেলে ওই এলাকার কাপড় ব্যবসায়ী মহির উদ্দিনের দোকানের সামনে শুয়ে ছিলো ৪৫ বছর বয়সী এক নারী প্রতিবন্ধী। দুপুর ৩ টার দিকে মহির উদ্দিনের ছেলে রাব্বি হোসেন ওই নারীকে দোকানের সামনে থেকে চলে যেতে বলে। ওই নারী চলে না গেলে তাকে লাঠি দিয়ে গুতা দেয় রাব্বি হোসেন। সেসময় ওই নারী রাব্বীর দিকে ছুটে যায়।

পরে দোকান খোলার পর মানসিক প্রতিবন্ধী ওই নারী দোকানে ঝোলানো তালা খুলে ফেলে। এতেই ক্ষিপ্ত হয়ে মহির উদ্দিন, তার ছেলে রাব্বি, পাশের দোকানি নাজমুলসহ ৫জন ওই নারীকে লাঠি দিয়ে বেধড়ক মারপিট করে। দোকানের সামনে ফেলে মাথায় আঘাত করা হয়। এ ঘটনায় একটি ভিডিও স্থানীয় এক যুবক ধারণ করে।

বিষয়টি জানাজানি হলে রাতেই পুলিশ অভিযান চালিয়ে ওই ৫ জনকে আটক

করা হয়। মানসিক প্রতিবন্ধী নারীর পরিচয় না পাওয়ায় পুলিশের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের আদালতে পাঠানো হয়েছে।

ঝিনাইদহে দিনব্যাপী কৃষি উদ্যোক্তা মেলা

মধ্যস্বত্তভোগীদের দৌরাত্ব দুর করে প্রত্যন্ত অঞ্চলের কৃষি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন স্থানের ভোক্তাদের কাছে পৌঁছে দিতে ঝিনাইদহে কৃষি উদ্যোক্তা মেলা ও সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার দিনব্যাপী ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয় চত্বরে এ মেলা ও সম্মেলন অনুষ্ঠিত হয়।

উইম্যান এন্ড ই-কমার্স (উই)’র সহযোগিতায় এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও স্মার্ট এগ্রিকালচার ফর ফারমার্স এ্যান্ড এন্টারপ্রেনিয়রস(সেইফ)।

ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সেইফ’র প্রতিষ্ঠাতা প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ’র সহধর্মীনি আরিফা জেসমিন কনিকা, ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান হারুন-অর-রশিদ, ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, উই’র প্রেসিডেন্ট নাসিমা আক্তার নিশা, উপদেষ্টা মেজর অব: কবির সাকিব, নির্বাহী পরিচালক আইরিন পারভীনসহ উপজেলা কৃষি কর্মকর্তা বৃন্দ।

বক্তারা, কৃষি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সরাসরি পাঠাতে সেইফ, উই’র সহযোগীতা নেওয়ার আহ্বান জানান। সেই সাথে নিরাপদ খাদ্য উৎপাদনে আরও যত্নশীল হওয়ার আহ্বান জানান। দিনব্যাপী এই উদ্যোক্তা সম্মেলনে জেলার বিভিন্ন উপজেলার ৩’শ ৫০ জন নারী-পুরুষ কৃষি উদ্যোক্তা অংশ নেয়। এছাড়াও প্রদর্শণ করা স্টল।

ঝিনাইদহে কৃষক হত্যা মামলায় ২ জনের মৃত্যুদন্ড

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে কৃষক মশিয়ার রহমান হত্যা মামলায় ২ জনের মৃত্যুদন্ডাদেশ দিয়েছে আদালত। একই মামমলায় অপর ৬ আসামি কে বেকসুর খালাস প্রদান করেছে।

আজ সোববার (৪মার্চ) দুপুরে ঝিনাইদহের সিনিয়র দায়রা জজ আদালতের বিচারক মোঃ নাজিমুদ্দৌলা এ দন্ডাদেশ প্রদাণ করেন।

মামলায় রাষ্ট্রপক্ষের আইনজীবী ইসমাইল হোসেন জানান, ২০১৪ সালের ২৬ মে রাত সাড়ে ৭টার দিকে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার আদর্শ আন্দুলিয়া গ্রামে বাড়ির পুর্ব দিকে রাস্তার পাশে নিজ বৈঠক খানায় বসে ছিলেন ওই গ্রামের মশিয়ার রহমান। সেসময় পুর্ব শত্রুতার জের ধরে একই গ্রামের লিটন বিশ্বাস, মনিরুল বিশ্বাসসহ আরও কয়েকজন তাকে টেনে হিঁচড়ে আসামি মনিরুলের টিউবয়েলের নিকট নিয়ে গিয়ে লোহার রড, হাতুড়ি ও বাঁসের লাঠি দিয়ে পিটিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার করে প্রথমে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে পরে অবস্থার অবনতি হলে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতাল ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে পরদিন তিনি মারা যায়।

এ ঘটনায় ২৭ মে নিহতের ভাই মোঃ মতিয়ার রহমান বাদি হয়ে ৮জনের বিরুদ্ধে থানায় হত্যা মামলা দায়ের করে। মামলার বিচারিক প্রক্রিয়া শেষে দোষী প্রমাণিত হওয়ায় ৩৭৪ ধারার বিধান মোতাবেক আসামী লিটন বিশ্বাস এবং মনিরুল বিশ্বাস কে মৃত্যুদন্ড এবং ১লাখ টাকা করে জরিমানা করে আদালত। মামলার অপর ৬ আসামি ইমদাদুল বিশ্বাস, রাজু বিশ্বাস, মজিদুল বিশ্বাস, ছানোয়ার মন্ডল, ওহিদুল ইসলাম এবং মাহাবুল বিশ্বাস আদালতে দোষী প্রমানিত না হওয়ায় বেকসুর খালাস প্রদান করে।